# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন
## শিল্প মন্ত্রণালয়

**মাসের নাম: জুলাই/২০২৩**

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শিল্প মন্ত্রণালয় | ০২ | ০৪ | ০৬ | ১০ | ১৬ | ০৪ | পরিশিষ্ট-ক | ১২ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | ০১ | ০১ | ০২ | ০১ | ০৩ | - | - | ০৩ | - |
| বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | ০৩ | - | ০৩ | ০৩ | ০৬ | ০১ | পরিশিষ্ট-ক | ০৫ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | - | - | - | ০৩ | ০৩ | ০১ | পরিশিষ্ট-ক | ০২ | ঐ |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই) | ০১ | - | ০১ | - | ০১ | ০১ | পরিশিষ্ট-ক | - | - |
| বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | - | - | - | - | - | - | - | - | - |
| ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | - | - | - | - | - | - | - | - | - |
| পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | - | - | - | ০১ | ০১ | - | - | ০১ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | - | - | - | - | - | - | - | - | - |
| ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | - | - | - | - | - | - | - | - | - |
| **মোট** | ০৭ | ০৫ | ১২ | ১৮ | ৩০ | ০৭ | - | ২৩ | |

**পরিশিষ্ট-ক**

১। **শিল্প মন্ত্রণালয়:**

**(ক)** HSC ফরম ফিলাপে অতিরিক্ত টাকা অনলাইনে Md. Raja Khan নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ এসেছে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ড. শ্রীকান্ত কুমার চন্দ, যুগ্মসচিব, নীতি ও সংস্কার অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে

**(খ)** Non delivery of accreditation certificate for UNICERT as a certification body বিষয়ে অনলাইনে Engr. M. Liaquat Ali নামক ব্যক্তির নিকট একটি অভিযোগ এসেছে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মো: মনোয়ারুল ইসলাম, মহাপরিচালক, মহাপরিচালক (বোর্ড সদস্য সচিব) এর দপ্তর, বিএবি বরাবর প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(গ)** ৭ কলেজ কে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে নিয়ে হয়রানি এবং রেজাল্ট বিলম্ব করে কারচুপি করে প্রকাশ করা বিষয়ে অনলাইনে MD. Naoshad Hassain নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ এসেছে যা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ড. শ্রীকান্ত কুমার চন্দ, যুগ্মসচিব, নীতি ও সংস্কার অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(ঘ)** ৩৪টি বাফার গুদাম নির্মাণ শীর্ষক প্রকল্পের অনিয়ম প্রসঙ্গে বিষয়ে নাম, ঠিকানাবিহীন একটি অভিযোগ এসেছে যা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সমীর বিশ্বাস, উর্ধ্বতন মহাব্যবস্থাপক (প্রশাসন), এর দপ্তর, বিসিআইসি বরাবর প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

২। **বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):**

**(ক)** জনৈক জনাব ফখরুল আলম, ব্যবস্থাপনা পরিচালক, হোয়াইট স্টার ইন্ডাস্ট্রিজ লিমিটেড, প্লট নং: এস-৩৬, (অংশ) বিসিক শিল্পনগরী, নেত্রকোনার অভিযোগের বিষয়টি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলে তদন্ত কর্মকর্তা ১৩/০৪/২০২৩ তারিখে প্রতিবেদন দাখিল করেন কিন্তু ১ম তদন্ত প্রতিবেদনে স্পষ্ট মতামত প্রদান না করায় বিষয়টি পুন:তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। পরবর্তীতে তদন্ত কর্মকর্তা পুন:তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে অভিযোগের বিষয়টি প্রমাণিত না হওয়ায় অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

৩। **বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি):**

**(ক)** জনাব এস এম রকিবুল হাসান, ইলেকট্রিশিয়ান কাম-জেনারেটর অপারেটর, গাজী ওয়্যারস্লি; কালুরঘাট, চট্টগ্রাম বিএসইসি প্রধান কার্যালয়ে কর্মরত থাকাকালীন বদলি বাণিজ্যসহ গোলযোগ সৃষ্টি করে ত্রাসের রাজত্ব কায়েম সংক্রান্ত অভিযোগটি মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মন্ত্রণালয়ের প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

## ৪। বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই):

**(ক)** নারায়ণগঞ্জ এর সংবাদকর্মী জনাব মোঃ আনোয়ার হোসেন অভিযোগ করেন যে, তারাবো পৌরসভা, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ এলাকায় বেশ কিছু প্রতিষ্ঠান অবৈধভাবে মশার কয়েল উৎপাদন করে আসছে। অভিযোগের ভিত্তিতে উক্ত এলাকায় সার্ভিল্যান্স অভিযানের মাধ্যমে অভিযোগ তদন্ত করে সত্যতা পাওয়া যায়। অতঃপর অভিযোগকারীর উপস্থিতিতে মোবাইল কোর্ট পরিচালনা করে বিএসটিআই সিএম লাইসেন্স গ্রহণ ব্যতীত মানচিহ্ন ব্যবহারপূর্বক পণ্য মশার কয়েল উৎপাদন, বিক্রয় এবং বাজারজাত করার অপরাধে ১। নিহা ইন্টারন্যাশনাল, ৭৯, মৈকুলী, রুপসী-১৪৬৪, তারাবো পৌরসভা, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ-কে টাকা ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) মাত্র ২। মেসার্স মনির কেমিক্যাল ওয়ার্কস, ৬৩০, খাতুন, তারাবো পৌরসভা, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ -কে টাকা ১,০০,০০০/- (এক লক্ষ) মাত্র এবং ৩। নূহা কেমিক্যাল ওয়ার্কস, ৬৩০, খাতুন, তারাবো পৌরসভা, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ-কে টাকা ২৫,০০০/- (পঁচিশ হাজার) মাত্র জরিমানা প্রদান করা হয়। এছাড়া মেসার্স মনির কেমিক্যাল ওয়ার্কস, ৬৩০, খাতুন, তারাবো পৌরসভা, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ-কে পণ্য মোড়কজাতকরণ নিবন্ধন সনদ গ্রহণ ব্যতীত পণ্য মশার কয়েল উৎপাদন, বিক্রয় এবং বাজারজাত করার অপরাধে ওজন ও পরিমাপ মানদন্ড আইন, ২০১৮ অনুসারে টাকা ২৫,০০০/- (পঁচিশ হাজার) মাত্র জরিমানা করা হয়। একইসাথে মেসার্স মনির কেমিক্যাল ওয়ার্কস, ৬৩০, খাতুন, তারাবো পৌরসভা, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ প্রতিষ্ঠানটিকে সীলগালা করে বন্ধ করে দেওয়া হয় এবং প্রতিষ্ঠানটিতে প্রাপ্ত সকল অবৈধ মশার কয়েলসমূহ বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের উপস্থিতিতে ধ্বংস করা হয়।